

■ কাফ | Qaf | ভ

আয়াতঃ ৫০: ৩৮

💵 আরবি মূল আয়াত:

وَ لَقَد خَلَقنَا السَّمَٰوْتِ وَ الأَرضَ وَ مَا بَينَهُمَا فِي سِتَّۃِ اَيَّامٍ * قَ مَا مَسَّنَا مِن لُّغُوبِ ﴿٣٨﴾

আর অবশ্যই আমি আসমানসমূহ ও যমীন এবং এতদোভয়ের মধ্যস্থিত সবকিছু ছয় দিনে সৃষ্টি করেছি। আর আমাকে কোনরূপ ক্লান্তি স্পর্শ করেনি। — আল-বায়ান

আকাশ, যমীন আর এ দু'য়ের মাঝে যা আছে তা আমি ছ' দিনে সৃষ্টি করেছি; ক্লান্তি আমাকে স্পর্শ করেনি। (আমি সকল মানুষকে বিচারের জন্য হাজির করবই)। — তাইসিক্রল

আমি আকাশমন্ডলী ও পৃথিবী এবং এগুলির মধ্যস্থিত সব কিছু সৃষ্টি করেছি ছয় দিনে। আমাকে কোন ক্লান্তি স্পর্শ করেনি। — মুজিবুর রহমান

And We did certainly create the heavens and earth and what is between them in six days, and there touched Us no weariness. — Sahih International

৩৮. আর অবশ্যই আমরা আসমানসমূহ, যমীন ও তাদের অন্তর্বতী সমস্ত কিছু সৃষ্টি করেছি ছয় দিনে; আর আমাকে কোন ক্লান্তি স্পর্শ করেনি।

তাফসীরে জাকারিয়া

(৩৮) আমি আকাশমন্ডলী ও পৃথিবী এবং এগুলোর মধ্যস্থিত সব কিছু সৃষ্টি করেছি ছয় দিনে; আমাকে কোন ক্লান্তি স্পর্শ করেনি।

তাফসীরে আহসানল বায়ান

• Source — https://www.hadithbd.com/guran/link/?id=4668



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন